গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নথি নং-৪৫.১৭৪.০০২.০১৫.০১.০০.০১৫.২০১৩-৫৬ তারিখ ঃ ১৫.০২.২০১৫ খ্রিঃ

প্রেরক ঃ ড. মো: এনামুল হক
উপসচিব

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস কর্মসূচির স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের ব্যয় মিটানোর নিমিত্ত ৪,৪১,২২,৪৫৮.০০ লক্ষ (চার কোটি একচল্লিশ লক্ষ বাইশ হাজার চারশত আটান্ন) টাকা অগ্রিম উত্তোলনের অনুমতি প্রদান সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের এইচপিএনএসডিপি'র আওতায় নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস (কোড নং ৫-২৭১৬-৫০২০) অপারেশনাল প্ল্যানের অধীনে স্থানীয় প্রশিক্ষণ বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-২০১৫ অর্থবছরে আরপিএ (জিওবি) খাতে ১ম-২য় কিস্তিতে ছাড়কৃত ১৫০০.০০ লক্ষ (রাজস্ব-১৪৫০.০০ লক্ষ+মূলধন-৫০.০০ লক্ষ) টাকা হতে ১টি ব্যাচে ৩০ জন নার্সের Advanced Trainning on Oncology Nursing (Solid Tumor) শীর্ষক স্থানীয় প্রশিক্ষণ কোর্সের ব্যয় মেটানোর জন্য ৪,৪১,২২,৪৫৮.০০ লক্ষ (চার কোটি একচল্লিশ লক্ষ বাইশ হাজার চারশত আটান্ন) টাকা অগ্রিম উত্তোলনে নির্দেশক্রমে সরকারী মঞ্জুরি জ্ঞাপন করছি।

তবে শর্ত থাকে যে,

(ক) অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
(খ) পরবর্তী কিস্তির অর্থ উত্তোলনের পূর্বেই যথাসময়ে যথাযথ ভাউচারের মাধ্যমে অগ্রিম উত্তোলিত অর্থ সমন্বয় করতে হবে;
(গ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে/৩০ শে জুন এর মধ্যে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;
(ঘ) অগ্রিম হিসেবে উত্তোলিত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

২। এই ব্যয় চলতি ২০১৪-২০১৫ অর্থ বৎসরের উন্নয়ন বাজেটের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর এইচপিএনএসডিপি'র "নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস" (কোড নং-৫-২৭১৬-৫০২০-৪৮৪০) হতে বহন করা হবে।

৩। অর্থ বিভাগের সম্মতিক্রমে এই আদেশ জারি করা হলো (কপি সংযুক্ত)।

(ড. মো: এনামুল হক)
উপসচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

নথি নং-৪৫.১৭৪.০০২.০১৫.০১.০০.০১৫.২০১৩-৫৬/১(৬) তারিখ ঃ ১৫.০২.২০১৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১. পরিচালক, সেবা পরিদপ্তর ও লাইন ডাইরেক্টর, নার্সিং এডুকেশন এন্ড সার্ভিসেস, মতিঝিল, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামোও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্হ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ড. মো: এনামুল হক)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪৫.১৭৪.০০২.০১.০০.০০৫.২০১০(খন্ড-২)-৫৫ তারিখঃ ১৫.০২.২০১৫ খ্রি.

প্রেরক ঃ ড. মো: এনামুল হক
উপ সচিব

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় ঃ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) কে সেন্টার অব এক্সিলেন্স এ পরিণতকরণ (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপি বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ২৫০০.০০ লক্ষ (পঁচিশ কোটি) টাকা অবমুক্তি সংক্রান্ত।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের গত ১২.০৮.২০১৪ তারিখের ৪৫.১৭৪.০০২.০১.০০.০০৫.২০১৩ (খন্ড-২)-৬০০ সংখ্যক স্মারকে অনুমোদিত বিভাজন অনুযায়ী আদিষ্ট হয়ে আমি "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-কে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়)" (কোড নং-৫৩০০) শীর্ষক প্রকল্প এর অনুকূলে চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপিতে জিওবি বরাদ্দ হতে নিম্নবর্ণিত শর্তে ৩য় কিস্তি বাবদ ২৫০০.০০ লক্ষ (পঁচিশ কোটি) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলো।

(অংক সমূহ লক্ষ টাকায়)

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নম্বর	অনুমোদনের পর্যায়	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
১	২	৩	৪	৫	৬	৭
স্বাস্থ্য অধিদপ্তর (কোড নং-২৭১১)	"বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-কে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়)" (কোড নং-৫৩০০)	অনুমোদিত	৩য় কিস্তির জিওবি অর্থ	২০.০০	২৪৮০.০০	২৫০০.০০

শর্তাবলী :

(ক) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules-2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সরকারী কোষাগারে সমর্পণ করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে কোন অনিয়ম হলে তার জন্য সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;

(ঘ) এই ব্যয় চলতি ২০১৪-১৫ অর্থবছরের এডিপির বরাদ্দ হতে ২৭ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, (কোড নং ২৭০১) এর "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-কে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়) (সংশোধিত)" (কোড নং-৫৩০০) হতে বহন করা হবে;

(ঙ) উপরিউক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরণযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ এই অংক বহির্ভূত); এবং

(চ) এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হবে না।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ সংখ্যক স্মারকের মাধ্যমে এই মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পণ করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হল।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

নং-৪৫.১৭৪.০০২.০১.০০.০০৫.২০১০(খন্ড-২)-৫৫/১(৭) তারিখঃ ১৫.০২.২০১৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. অধ্যাপক ডা: আবু নাসার রিজভী, প্রকল্প পরিচালক, "বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ)-কে সেন্টার অব এক্সিলেন্স-এ পরিণতকরণ (২য় পর্যায়) (সংশোধিত)" শীর্ষক প্রকল্প, বিএসএমএমইউ, ঢাকা।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. উপ-সচিব (এফএমএইউ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সিনিয়র সহকারী সচিব (বাজেট-৪) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. যুগ্ম-প্রধান (পরিকল্পনা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব